

জুলাই ২০২৪ এ সংঘটিত বাংলাদেশ ছাত্র গণবিপ্লবের এর বিজয় থেকে প্রকৃত সুফল
লাভের জন্য পবিত্র কুরআনের দৃষ্টিকোন থেকে কি করতে হবে।

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহ। বিসমিল্লাহির রাহমানির রাহিম ।

বিষয়বস্তু:" জুলাই ২০২৪ এ সংঘটিত বাংলাদেশ ছাত্র গণবিপ্লবের এর বিজয় থেকে প্রকৃত সুফল
লাভের জন্য পবিত্র কুরআনের দৃষ্টিকোন থেকে কি করতে হবে।"

২০২২ সালে কাতার বিশ্বকাপের উদ্বোধনে শরীরের নিম্নাংশ বিহীন ঘানিম আল মিফ তাই (Ghanim Al-Muftah) উদ্বোধন করেছিলেন পবিত্র কুরআনের সূরা ৪৯ হুজরাত এর ১৩ নম্বর আয়াত এর
তিলোওয়াত এর মাধ্যমে। এই আয়াত টি সারা বিশ্বে সব ধর্ম, বর্ণ ও পেশার লোক কর্তৃক ভীষণভাবে
প্রসংশিত হয়েছিল।

يَا أَيُّهَا النَّاسُ إِنَّا خَلَقْنَاكُمْ مِنْ ذَكَرٍ وَأُنْثَىٰ وَجَعَلْنَاكُمْ شُعُوبًا وَقَبَائِلَ لِتَعَارَفُوا ۗ إِنَّ أَكْرَمَكُمْ
عِنْدَ اللَّهِ أَتَقْوَاهُ ۗ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ

"হে মানব সমাজ ! আমি তোমাদেরকে একজন পুরুষ ও একজন নারী থেকে সৃষ্টি করেছি। তারপর
তোমাদেরকে বিভিন্ন কওম ও গোত্র বানিয়ে দিয়েছি। যাতে তোমরা একে অপরকে (ঐসব নামে)
চিনতে পারো। আসলে আল্লাহর কাছে তোমাদের মধ্যে তারাই অধিক সম্মানিত, যারা তোমাদের
মধ্যে বেশি মুত্তাকী। আল্লাহ সব কিছু জানেন, সব কিছুর খবর রাখেন।"

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা পরম শ্রদ্ধেয় ডক্টর ইউনুস বলেছেন, "বাংলাদেশের সব
প্রতিষ্ঠান পঁচে গেছে। ঐগুলিকে ঠিক করতে হবে। "

প্রতিষ্ঠান গঠিত হয় কিছু লোকের দ্বারা সেই লোকগুলোকে ভালো লোক হতে হবে। সে যে ধর্মেরই
হোক। কোন ধর্মই খারাপ লোক হওয়ার প্রশিক্ষণ দেয় না। বিশেষ করে মুসলমানদের কে তাকওয়া
অবলম্বন করতে হবে। মুসলমানদেরকে মনে রাখতে হবে দুনিয়াতে আল্লাহ কখনো পাকড়াও
করেন, কখনো করেন না। যাদেরকে পাকড়াও করেন না তাদেরকে কঠিন শাস্তি দান করবেন
আখিরাতে।

আমরা আশা করি এই ছাত্র-গণবিপ্লব আমাদের দেশে শান্তি, সমৃদ্ধি, শৃঙ্খলা, আইনের শাসন এবং
জুলুম বিহীন একটি সমাজে প্রতিষ্ঠিত হবে। আমিন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।